# আজ জাতীয় সংসদ নির্বাচনের প্রতীক বরাদ্দ ঘোষণা ইসির




সংগৃহীত ছবি

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের প্রার্থীদের জন্য আজ প্রতীক বরাদ্দ কার্যক্রম সম্পন্ন করবে নির্বাচন কমিশন। নিজ নিজ আসনের রিটার্নিং কর্মকর্তার দপ্তর থেকে প্রার্থীরা তাদের নির্ধারিত প্রতীক সংগ্রহ করবেন।

প্রতীক পাওয়ার পর আগামীকাল বৃহস্পতিবার (২২ জানুয়ারি) থেকেই আনুষ্ঠানিক প্রচারণা শুরু হবে। ভোটগ্রহণের আগের ৪৮ ঘণ্টা পর্যন্ত প্রার্থীরা প্রচার চালাতে পারবেন।

আগামী ১২ ফেব্রুয়ারি সকাল সাড়ে ৭টা থেকে বিকেল সাড়ে ৪টা পর্যন্ত বিরতিহীনভাবে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাক্সে ভোট নেওয়া হবে। এ নির্বাচনে প্রায় ১২ কোটি ৭৭ লাখ ভোটার ভোটাধিকার প্রয়োগের সুযোগ পাবেন।

LENS ASIA